

ট্যাগিংয়ের রাজনীতি বাদ দিতে হবে : রাবিপ্রবি উপাচার্য

রাঙামাটি সংবাদদাতা



ছবি: কালের কণ্ঠ

ইচ্ছে করলেই কাউকেই জামায়াত, বিএনপি বা বট ট্যাগিং দেওয়া উচিত নয় বলে মন্তব্য করেছেন রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রাবিপ্রবি) উপাচার্য ড. আতিয়ার রহমান। তিনি বলেছেন, ট্যাগিংয়ের রাজনীতি বাদ দিতে হবে। এসবের জন্য কেউ রক্ত দেয়নি।

রবিবার (১০ মে) দুপুরে রাবিপ্রবির সভাকক্ষে এক জরুরি সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন।

ড. আতিয়ার রহমান বলেন, বিশ্ববিদ্যালয়ে ছাত্ররাজনীতি নিষিদ্ধ আছে। কিছুদিন আগে কয়েকজন শিক্ষার্থী একটি ছাত্রসংগঠনের ব্যানারে কিছু দাবি তুলে আমার কার্যালয়ে তালা দিয়েছিল। তাদের যেসব অভিযোগ ছিল সে বিষয়ে তারা আমাকে কিছুই জানায়নি।

পড়ুন



যশোরে ট্রেনের ধাক্কায় ট্রাকচালক নিহত

উপাচার্য আরো বলেন, যারা ভুল পথে গেছে তাদের বুঝিয়ে সঠিক পথে আনার চেষ্টা করছি।

আর রিজেন্ট বোর্ড যদি মনে করে কাউকে বহিষ্কার করতে হবে, তবে সেটা তারাই পারবে। একা আমার পক্ষে কাউকে বহিষ্কার করার এখতিয়ার নেই।

স্বল্প সময়ে মানসম্মত শিক্ষক, উন্নত একাডেমিক ভবন, ছাত্রাবাসসহ বিভিন্ন উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। জুলাই অভ্যুত্থানের পর বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব নিয়ে মাত্র এক বছর ১০ মাসের মধ্যে এসব কার্যক্রমের ফলে একটি

মহল ষড়যন্ত্র শুরু করেছে বলে অভিযোগ করেন উপাচার্য ড. আতিয়ার রহমান।

এ সময় রাঙামাটি প্রেস ক্লাবের সভাপতি আনোয়ার আল হক, সাধারণ সম্পাদক মো. ইলিয়াছসহ বিভিন্ন গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।